দৈনিক ইনকিলাব

009

তারিখ 1.2 JUN 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম ... ৮ ...

### যাত্রীদের অবর্ণনীয় দুর্ভোগ : ১৯ জন আটক

# পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে ছাত্ররা হার্ডিঞ্জ সেতুর কাছে রেল লাইন তুলে ফেলে

॥ নিজস্ব সংবাদদাতা ॥

ঈশ্বরদী, ১১ জুন।— পাকশী কলেজে উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র বাতিল ঘোষণা করার প্রতিবাদে কলেজের ছাত্ররা গতকাল সন্ধ্যায় হার্ডিঞ্জ ব্রীজের কাছে রেল লাইন উপড়ে ফেলে। ফলে সন্ধ্যা ৭টা থেকে উত্তর ও দক্ষিণাঞ্চলের মধ্যে রাত দু'টা পর্যন্ত রেল চলাচল বন্ধ থাকে। দক্ষিণাঞ্চলের বিভিন্ন ট্রেন এসে ব্রীজের মুখে ভিড় করে। ছাত্ররা অপেক্ষমান ১৫ আপ মহানন্দা এক্সপ্রেসের ইঞ্জিনের ক্ষতি সাধন করে। বিক্ষুব্ধ ছাত্ররা পাকশী রেল কন্ট্রোল, টেলিগ্রাফ, রেডিও, ফোন ও টেলিফোন এক্সচেঞ্জের সমস্ত লাইন বিচ্ছিন্ন করে দেয়। পাকশীর ডি, আর, এম, ডি, সি, ও এবং ডি, ই, ও অফিস ভাঙচুর করে। তারা একটি মটোর ট্রলিরও ক্ষতি সাধন করে। সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি আয়ত্তে আনে। রেল কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমে রাত ২টার দিকে রেল চলাচল চালু হয়। রেল চলাচল হাজার হাজার আটকে পড়া যাত্রীদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হয়। ঘটনার সাথে জড়িত সন্দেহে পুলিশ ১৯ জনকে আটক করেছে। এদের মধ্যে বেশ কয়েক জন রেলকর্মচারী রয়েছে বলে জানা গেছে। এদিকে আজ সকালে ছাত্রা পুনরায় মিছিল বের করলে পুলিশ বাধা দেয়। বিক্ষুব্ধ ছাত্ররা ইটপাটকেল নিক্ষেপ করে। ফলে।

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

সং

## পরীক্ষাকেন্দ্র

প্রথম পৃষ্ঠার পর

সংঘর্ষ ব্যাপক আকার ধারণ করে। রেলওয়ে কার্মচারীরা এর ফলে অফিস বন্ধ করে চলে যান। দুপুরে ছাত্র পুলিশ সংঘর্ষের এক পর্যায়ে বেশ কয়েকটি বোমা বিস্ফোরণ ঘটে। পরে পাবনা থেকে রিজার্ভ পুলিশ এসে পরিস্থিতি আয়ত্ত্বে আনে। এ সংবাদ লেখা পর্যন্ত উত্তেজনা বিরাজ করছিল। আগামীকাল থেকে অনুষ্ঠিতব্য এস, সি, পরীক্ষায় পাকশী কেন্দ্র থেকে ২৯১ জন পরীক্ষার্থীকে প্রবেশপত্র দেয়ার পর অকস্মাৎ কেন্দ্র বন্ধ করায় ছাত্র-ছাত্রী ও অভিভাবক মহলে ক্ষোভের সৃষ্টি হয়।

**প্রবেশপত্র সমাচার**

আমাদের নরসিংদী সংবাদদাতা জানান, আগামী শনিবার এইচ, এস, সি পরীক্ষা। কিন্তু ভাওয়াল জামালপুর কলেজের ছাত্র ছাত্রীরা এখনও প্রবেশপত্র পায়নি। অপরদিকে কলেজের প্রিন্সিপাল এম, এ, আওয়াল গত পয়লা জুন থেকে পলাতক রয়েছেন। ছাত্ররা আজ বিক্ষোভ মিছিল বের করে এ হয়রানির প্রতিবাদ জানিয়েছে।